

নং- ৪৬.০৪২.০১১.০৪.০০.১৩০.২০১৩.০২২

০৬ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ০৬ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ঝিনাইদহ জেলা পরিষদে সাংগঠনিক কাঠামো বহির্ভূত শূন্য পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ ঝিনাইদহ জেলা পরিষদের স্মারক নং-জেপবি/৪-২১(অংশ-১০)/০৬/১৯৮-১৯৯, তারিখঃ ১৬/৩/২০১৭।

ঝিনাইদহ জেলা পরিষদের মালিকানাধীন হরিণাকুন্ডু অডিটোরিয়াম ও শহীদ সিপাহী হামিদুর রহমান গ্রন্থাগার ও স্মৃতি যাদুঘর রক্ষণাবেক্ষণের স্বার্থে সাংগঠনিক কাঠামো বহির্ভূত দারোয়ান-কাম-কেয়ারটেকার পদে দৈনিক মজুরী ভিত্তিতে ১ জন করে মোট ২ জন লোক নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে লোক নিয়োগের জন্য নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা যেতে পারে :

শর্তসমূহ :

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে।
- ২) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবী করতে পারবেনা।
- ৩) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে।
- ৪) দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করা হবে। কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না।
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে।
- ৬) উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট প্রতিদিন হাজিরা দিতে হবে এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রতিমাসে তার হাজিরা বিবরণী মন্ত্রণালয়কে অবহিত রেখে আবশ্যিকভাবে জেলা পরিষদে প্রেরণ করবেন।


(জুবাইদা নাশরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঝিনাইদহ।

অনুলিপি- :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ, ঝিনাইদহ।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।